5/23/22, 9:37 AM 01_106.jpg (221×488)

# শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি ৩০ জানুয়ারি পর্যন্ত বেড়েছে

**নিজস্ব প্রতিবেদক** ● করোনা ভাইরাসের কারণে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে (কওমি মাদ্রাসা ছাড়া) চলমান ছুটি ৩০ জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। দেশে গত ৮ মার্চ প্রথম করোনা রোগী শনাক্ত হয়। এর পর গত ১৭ মার্চ থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ রয়েছে। কয়েক ধাপে বাড়ানোর পর আজ ১৬ জানুয়ারি পর্যন্ত এই ছুটি ছিল। সেই ছুটি এবার ৩০ জানুয়ারি পর্যন্ত বাড়ল। শিক্ষা প্রতিষ্ঠানগুলো দীর্ঘদিন ধরে বন্ধ থাকায় প্রায় চার কোটি শিক্ষার্থীর পড়াশোনা বিঘ্নিত হচ্ছে। ইতোমধ্যে গত বছরের প্রাথমিক ও এবতেদায়ি সমাপনী পরীক্ষা এবং জুনিয়র ■ এরপর পৃষ্ঠা ২, কলাম ৮

https://epaper.dainikamadershomoy.com/files/e-paper/2021/01/16/images/01_106.jpg 1/1

# শিক্ষা প্রতিষ্ঠানের

**(প্রথম পৃষ্ঠার পর)** স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা বাতিল করা হয়েছে। গত বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষাও হয়নি। সংসদের আসন্ন অধিবেশনে শুরুর দিকেই আইন সংশোধন করে সর্বোচ্চ ২৮ জানুয়ারির মধ্যে উচ্চমাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষার্থীদের মূল্যায়নের ফল ঘোষণার সিদ্ধান্ত নিয়েছে সরকার। গত সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই সিদ্ধান্ত হয়। এ ছাড়া বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা ছাড়াই শিক্ষার্থীরা ওপরের শ্রেণিতে উঠেছে।

স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ তথ্য মতে, দেশে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মোট মারা গেছেন ৭ হাজার ৮৬২ জন। আর করোনা ভাইরাসে মোট আক্রান্ত হয়েছেন ৫ লাখ ২৬ হাজার ৪৮৫ জন। আক্রান্ত লোকজনের মধ্যে সুস্থ হয়েছেন ৪ লাখ ৭১ হাজার ১২৩ জন। দেশে গত ১৮ মার্চ করোনায় আক্রান্ত হয়ে প্রথম মৃত্যুর ঘটনা ঘটে।